



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, ৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
ফরেন রেমিট্যান্স ম্যানেজমেন্ট বিভাগ

টেলিফোন : +88-02-2233-88109
+88-02-2233-85848
ওয়েব পেজ : www.krishibank.org.bd
ই-মেইল : dgmfrmd@krishibank.org.bd
তারিখ : ১৭.০৮.২০২২ইং

পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-১১/২০২২

মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয়
মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা
মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যম)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : ২০২২-২০২৩ অর্থ বছরে বৈদেশিক রেমিট্যান্স এর (BEFTN / RTGS ব্যতিত) অঞ্চলওয়ারী লক্ষ্যমাত্রা নির্ধারণ প্রসঙ্গে।

বাংলাদেশের অর্থনীতির অন্যতম চালিকাশক্তি হল বিদেশে থাকা বাংলাদেশীদের পাঠানো অর্থ বা রেমিট্যান্স। বাংলাদেশের অর্থনীতি এবং কেন্দ্রীয় ব্যাংকের বৈদেশিক মুদ্রার রিজার্ভ গঠনে ফরেন রেমিট্যান্স গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। ব্যাংকের বৈদেশিক বিনিময় ব্যবসা ও আয় বৃদ্ধিতেও এর ভূমিকা অপরিহার্য। বর্তমানে Western Union, MoneyGram, Xpress Money, RIA Money, Transfast, Merchantrade, Prabhu Money, CBL Money Transfer, Cash Express, Worldwide Cash Express, Hello Paisa, Southeast Exchange, NBL(Malaysia), NBL(Singapore), Max Money, Placid NK Corp, Agrani Exchange(Singapore), Instant Cash, First Security Islami Exchange, Mukuru, Uremit, EzRemit, NEC Money, Al-Muzaini, Index Exchange, Lulu, Oman, UAE, GCC Remit নামীয় এক্সচেঞ্জ কোম্পানীর সঙ্গে Spot Cash এবং Account Payee রেমিট্যান্স ব্যবসা চলমান। গ্রাহক চাহিদা এবং ব্যাংকগুলোর মধ্যে ফরেন রেমিট্যান্স সংগ্রহে তীব্র প্রতিযোগিতা অব্যাহত থাকার প্রেক্ষাপটে দ্রুত প্রবৃদ্ধির লক্ষ্যে নতুন নতুন Spot Cash কোম্পানীর সঙ্গে চুক্তি সম্পাদন প্রক্রিয়াও অব্যাহত আছে। রপ্তানী ও রেমিট্যান্স খাতে আহরিত বৈদেশিক মুদ্রা থেকে আমদানী বাণিজ্যে বৈদেশিক মুদ্রা যোগান দেওয়া, এক্সচেঞ্জ গেইন এবং কোম্পানী থেকে রেমিট্যান্সের বিপরীতে প্রাপ্ত কমিশন ব্যাংকের আয় খাতে যোগ হচ্ছে। ফলে যত বেশি ফরেন রেমিট্যান্স সংগ্রহ করা যাবে ব্যাংকের আর্থিক অবস্থা তত বেশী সুদৃঢ় হবে। প্রবাসীদের কষ্টজর্জিত বৈদেশিক মুদ্রা ব্যাংকিং চ্যানেলে বাংলাদেশে প্রেরণ উৎসাহিত করনের লক্ষ্যে প্রেরিত রেমিট্যান্সের বিপরীতে সরকার কর্তৃক বেনিফিসিয়ারীকে ২.৫% প্রণোদনা/নগদ সহায়তা অর্থাৎ ১০০ টাকা দেশে পাঠালে ২.৫ টাকা প্রণোদনা/নগদ সহায়তা ২০২১-২০২২ অর্থ বছর হতে প্রদান করে আসছে। বেনিফিসিয়ারীকে ২.৫% প্রণোদনা/নগদ সহায়তা প্রদানের মাধ্যমে বাংলাদেশ ব্যাংক ফরেন রেমিট্যান্স সংগ্রহের ব্যাপারে আরও কার্যকর ও দৃঢ় ভূমিকা পালনের জন্য ব্যাংকগুলোকে নির্দেশনা প্রদান করেছে। বিগত বছরগুলির সাফল্য ও ব্যর্থতা পর্যালোচনা করে সর্বোচ্চ পরিমাণ বৈদেশিক রেমিট্যান্স সংগ্রহের মাধ্যমে ব্যাংকের মুনাফা অর্জনে সহায়ক ভূমিকা পালনের লক্ষ্যে ২০২২-২০২৩ অর্থবছরের জন্য ৫০০০.০০ (পাঁচ হাজার) কোটি টাকা রেমিট্যান্স সংগ্রহের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হলো। অঞ্চলওয়ারী লক্ষ্যমাত্রা পরিশিষ্ট - 'ক' তে বর্ণনা করা হলো।

০২। বৈদেশিক রেমিট্যান্স এর নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে সর্বাঙ্গিক প্রচেষ্টাসহ নিম্নোক্ত কার্যব্যবস্থা গ্রহণ করতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো :

(ক) বিভাগীয় কার্যালয় সমূহের করণীয় :

- (১) নিয়মিত মনিটরিং করবেন এবং মাসিক ভিত্তিতে মুখ্য অঞ্চল/অঞ্চল ও কর্পোরেট শাখাগুলোর লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জনের তথ্য পর্যালোচনা করবেন।
- (২) যে সকল শাখা Spot Cash রেমিট্যান্স প্রদানে অনীহা দেখাবে এবং মাসিক ভিত্তিতে আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থ হবে তাদের বিরুদ্ধে তাত্ক্ষনিক উপযুক্ত ব্যবস্থা গ্রহণ পূর্বক অত্র বিভাগকে অবহিত করবেন।

(খ) বিভাগীয় নিরীক্ষা কার্যালয় সমূহের করণীয় :

- (১) বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তাগণ তাদের আওতাধীন আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তাকে শাখা কর্তৃক আদায়যোগ্য খাত (Receiveable Sub-Head) হতে পেমেন্ট দেয়া অর্থের হিসাব সমন্বয়ের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করবেন।

(গ) আঞ্চলিক নিরীক্ষা কার্যালয় সমূহের করণীয় :

- (১) আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তাগণ তাদের আওতাধীন শাখাসমূহ নিরীক্ষাকালে আদায়যোগ্য খাত (Receiveable Sub-Head) হতে পেমেন্ট দেয়া অর্থের হিসাব সমন্বয় নিশ্চিত করবেন। উল্লেখ্য, আদায়যোগ্য খাত (Receiveable Sub-Head) হতে পেমেন্ট দেয়া অর্থের হিসাব ০১(এক) কর্মদিবসের বেশী অসমন্বিত রাখা যাবে না।

(ঘ) মুখ্য আঞ্চলিক / আঞ্চলিক কার্যালয়ের করণীয় :

- (১) মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/ আঞ্চলিক ব্যবস্থাপকগণ তাদের আওতাধীন শাখাসমূহকে অঞ্চলবাসীনের জন্য ২০২২-২০২৩ অর্থ বছরের নির্ধারিত লক্ষ্যমাত্রা শাখামূহে বিভাজনপূর্বক অত্র বিভাগকে অবহিত করবেন।
- (২) সাপ্তাহিক ভিত্তিতে মনিটরিং করবেন এবং বিভাগীয় কার্যালয়ে লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জনের তথ্য সম্বলিত বিবরণী প্রেরণ করবেন। উল্লেখ্য বিবরণীর কোন হার্ডকপি প্রধান কার্যালয়ে প্রেরণের প্রয়োজন নেই।
- (৩) অত্র বিভাগের ডিএমডি-২ পরিপত্র নং-১৩/২০১৪ তারিখ ২৬.০১.২০১৪ এ প্রদত্ত নির্দেশনা মোতাবেক মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ে কর্মরত রেমিট্যান্স কর্মকর্তাকে দৈনিক ভিত্তিতে যে সকল শাখা Automation Software থেকে রেমিট্যান্স এ্যাডভাইস ডাউনলোড / প্রিন্ট করতে অপারগ হবে সে সকল শাখার রেমিট্যান্স পেমেন্ট এর বিষয়টি নিশ্চিত করতে হবে এবং কাষ্টমার সার্ভিস সেন্টার কর্মকর্তা শাখাসমূহকে সহযোগিতা করবেন।
- (৪) মুখ্য অঞ্চল / অঞ্চলের রেমিট্যান্স কর্মকর্তা এবং প্রত্যেক শাখার ব্যবস্থাপক, ২য় কর্মকর্তা ও রেমিট্যান্স কর্মকর্তার নাম, পদবী ও ব্যক্তিগত মোবাইল ফোন নম্বর অত্র বিভাগে প্রেরণ করতে হবে।
- (৫) প্রত্যেক শাখার কম্পিউটার, প্রিন্টার, ইউপিএস, ইন্টারনেট মডেম এবং ফিক্সড মোবাইল ফোন সচল রাখার ব্যাপারে নিয়মিত সাপোর্ট দিবেন।
- (৬) স্পট ক্যাশ ও অন্যান্য এক্সচেঞ্জ হাউজ কোম্পানীর নাম ও কার্যক্রম উল্লেখ করে লিফলেট ছাপিয়ে অধীনস্থ শাখার মাধ্যমে জনগনের মধ্যে বিতরণের ব্যবস্থা করবেন।

(চলমান পাতা-০২)

(ঙ) শাখাসমূহের করণীয় :

- (১) নতুন নতুন গ্রাহক সংগ্রহ, গ্রাহকের সঙ্গে ভাল ব্যবহার এবং তাৎক্ষণিক বৈদেশিক রেমিট্যান্স প্রদানের মাধ্যমে প্রদত্ত লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করতে হবে।
 - (২) মাঠকর্মীদের মাধ্যমে এলাকার প্রবাসীদের এবং বেনিফিশিয়ারীর নাম, ঠিকানা ও মোবাইল নম্বর সংগ্রহ করে রেজিস্টারে সংরক্ষণ করতে হবে।
 - (৩) Automation Software থেকে প্রতিদিনের রেমিট্যান্স ডাউনলোড/প্রিন্ট করে ঐ দিনই গ্রাহকের হিসাবে জমা/আদায়যোগ্য খাত সমন্বয় করতে হবে। সঠিক হিসাবভুক্তির সাথে সাথে Automation Software এ Confirmation Option গিয়ে Paid Status দেখাতে হবে। অন্যথায় ঐ রেমিট্যান্সের Incentive এর Advice পাওয়া যাবে না।
 - (৪) Account Payee রেমিট্যান্সের ক্ষেত্রে জাল-জালিয়াতি রোধকল্পে ৫০,০০০/- টাকা ও তদূর্ধ্ব রেমিট্যান্স হিসাবভুক্তির প্রাক্কালে অত্র বিভাগের সংশ্লিষ্ট কোম্পানীর ডিলিং অফিসারকে ফোন করে উহার সঠিকতা যাচাই করে নিতে হবে। একই হিসাবে একই দিনে একাধিক রেমিট্যান্স অথবা একই হিসাবে পর পর রেমিট্যান্স আসতে থাকলে অত্র বিভাগে ফোন করে উহা যাচাই করে নিতে হবে।
 - (৫) Spot Cash রেমিট্যান্স পেমেন্ট দেয়ার প্রাক্কালে বেনিফিশিয়ারীর পূর্ণাঙ্গ নাম, ঠিকানা ও মোবাইল নম্বর ভালোভাবে যাচাই করে নিতে হবে এবং গ্রাহকের মোবাইল নম্বরে একটি মিসড কল দিয়ে উহার সঠিকতা নিশ্চিত করতে হবে। ছবিযুক্ত Valid ID কার্ডের স্বাক্ষরের সঙ্গে TRM ফরমে / Payment Recit এ নেয়া স্বাক্ষরের মিল থাকতে হবে। Transaction Details এ কোন তথ্য অসম্পূর্ণ থাকলে কোনভাবেই পেমেন্ট দেয়া যাবে না এবং কোনক্রমেই পেমেন্টের পর Branch Suspense Account ০১(এক) কর্ম দিবসের বেশী অসমন্বিত রাখা যাবে না। প্রতিটি শাখা প্রতি কর্মদিবস শেষে স্ব স্ব Spot Cash কোম্পানীর সফটওয়্যার / ওয়েবসাইট এর Report অপশন থেকে প্রতিদিনের প্রদানকৃত Spot Cash রেমিট্যান্স পেমেন্টের Report দেখে পেমেন্টসমূহ কার্যকর হলো কি-না তা যাচাই করবেন।
 - (৬) প্রতি অর্থ বছর শেষে সকল শাখা হতে আদায়যোগ্য খাত (Receiveable Sub-Head) এ আর কোনও অনিষ্পন্ন এন্ট্রি নেই মর্মে শূন্য প্রতিবেদন অত্র বিভাগে প্রেরণ করতে হবে। তাই আদায়যোগ্য খাত হতে প্রদানকৃত রেমিট্যান্সের অর্থ দৈনিক ভিত্তিতে নিষ্পন্ন করতে হবে।
 - (৭) অত্র বিভাগের ০২.০৮.২০১৫ তারিখের প্রকা/এফআরএমডি-১০(১)/বিবিধ(অংশ-৩)/২০১৫-২০১৬/১২৩৬ নং পত্রের নির্দেশনা অনুযায়ী কোন শাখার বৈদেশিক রেমিট্যান্সের লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জনের তথ্য সরবরাহের ক্ষেত্রে অত্র বিভাগ থেকে প্রাপ্ত রেমিট্যান্সের সাথে স্থানীয় মুখ্য কার্যালয় হতে প্রাপ্ত (মেইন ব্রাঞ্চের মাধ্যমে) BEFTN/BACH/ RTGS এর রেমিট্যান্সকে অন্তর্ভুক্ত করা যাবে না। শাখাকে শুধুমাত্র অটোমেশন সফটওয়্যারের মাধ্যমে প্রাপ্ত (১১১১ হেড) রেমিট্যান্স কে-ই লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন হিসাবে দেখাতে হবে। ইহার ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট শাখাকে এর দায়ভার বহন করতে হবে।
 - (৮) স্পট ক্যাশ কোম্পানীর সাইনবোর্ডগুলো শাখার মূল সাইনবোর্ডের পাশে অথবা নীচে একসঙ্গে পাশাপাশি লাগাতে হবে যাতে দৃষ্টিনন্দন হয়।
- ০৩। এমতাবস্থায়, স্পটক্যাশ রেমিট্যান্স পেমেন্টে সতর্কতা অবলম্বন বিষয়ক অত্র বিভাগের ০৭.০৪.২০১৬ তারিখের এফআরএমডি/বিবিধ-১০(১)/২০১৫-২০১৬/২৩৮৪ নং পত্রে বর্ণিত সকল নির্দেশনা সংশ্লিষ্ট সকলকে যথাযথভাবে পরিপালনের জন্য অনুরোধ করা হলো।
- ০৪। অত্র পরিপত্রের নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

অনুমোদনক্রমে -

সংযুক্তি : বর্ণনামতে।

Buso.
২৭/০৭/২০২২
(চানু গোপাল খোঁস)
উপব্যবস্থাপনা পরিচালক

সূত্র : এফআরএমডি/১০(০১)/বিবিধ-৪/২০২২-২০২৩/২০৯

তারিখ : ১৭.০৮.২০২২ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (ই-মেইলে) অনুলিপি প্রেরণ করা হলো :

- (০১) চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- (০২) ষ্টাফ অফিসার, সকল উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- (০৩) ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর/অধ্যক্ষ, স্টাফ কলেজ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- (০৪) সকল উপমহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। (উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেম, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।)
- (০৫) বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- (০৬) আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- (০৭) নথি/মহানথি।

Buso.
২৭/০৮/২০২২
(মোঃ মোতাক্কির রহমান)
উপমহাব্যবস্থাপক

ফরেন রেমিট্যান্স ম্যানেজমেন্ট বিভাগ

২০২২-২০২৩ অর্থ বছরে অঞ্চলওয়ারী ফরেন রেমিট্যান্স (BEFTN / RTGS ব্যতিত) সংগ্রহের লক্ষ্যমাত্রা বন্টন

(কোটি টাকায়)

ক্রমিক নং	অঞ্চলের নাম	২০২২-২০২৩ অর্থ বছরের প্রস্তাবিত লক্ষ্যমাত্রা
০১.	ঢাকা মুখ্য অঞ্চল	১৫৫.০০
০২.	মানিকগঞ্জ মুখ্য অঞ্চল	১০৩.০০
০৩.	গাজীপুর মুখ্য অঞ্চল	১৩০.০০
০৪.	নারায়নগঞ্জ মুখ্য অঞ্চল	১৬০.০০
০৫.	মুন্সিগঞ্জ মুখ্য অঞ্চল	১২৫.০০
০৬.	নরসিংদী মুখ্য অঞ্চল	১১২.০০
০৭.	টাংগাইল মুখ্য অঞ্চল (দক্ষিণ)	১৩২.০০
০৮.	টাংগাইল মুখ্য অঞ্চল (উত্তর)	১০১.০০
০৯.	কাওরান বাজার কর্পোরেট শাখা	১১.০০
১০.	বনানী কর্পোরেট শাখা	৩.০০
১১.	নারায়নগঞ্জ কর্পোরেট শাখা	১১.০০
	মোট ঢাকা বিভাগ :	১০৪৩.০০
১২.	ময়মনসিংহ মুখ্য অঞ্চল (দক্ষিণ)	১০৫.০০
১৩.	ময়মনসিংহ মুখ্য অঞ্চল (উত্তর)	৪৬.০০
১৪.	জামালপুর মুখ্য অঞ্চল	১৫৩.০০
১৫.	শেরপুর মুখ্য অঞ্চল	৩০.০০
১৬.	কিশোরগঞ্জ মুখ্য অঞ্চল	১৫৮.০০
১৭.	নেত্রকোনা মুখ্য অঞ্চল	৪৯.০০
	মোট ময়মনসিংহ বিভাগ :	৫৪১.০০
১৮.	চট্টগ্রাম মুখ্য অঞ্চল (পশ্চিম)	৮৩.০০
১৯.	কক্সবাজার মুখ্য অঞ্চল	৫৭.০০
২০.	চট্টগ্রাম মুখ্য অঞ্চল (পূর্ব)	৭৩.০০
২১.	পটিয়া অঞ্চল	৭৭.০০
২২.	রাংগামাটি অঞ্চল	১৮.০০
২৩.	খাগড়াছড়ি অঞ্চল	৩৩.০০
২৪.	বান্দরবান অঞ্চল	১২.০০
২৫.	চট্টগ্রাম কর্পোরেট শাখা	৪.০০
২৬.	আগ্রাবাদ কর্পোরেট শাখা	৫.০০
	মোট চট্টগ্রাম বিভাগ :	৩৬২.০০
২৭.	কুমিল্লা মুখ্য অঞ্চল	১৮৫.০০
২৮.	লাকসাম অঞ্চল	১৮০.০০
২৯.	চাঁদপুর মুখ্য অঞ্চল	১৭৫.০০
৩০.	বি-বাড়ীয়া মুখ্য অঞ্চল	১৯৫.০০
৩১.	ফেনী মুখ্য অঞ্চল	১২৭.০০
৩২.	নোয়াখালী মুখ্য অঞ্চল	১২৫.০০
৩৩.	লক্ষীপুর মুখ্য অঞ্চল	৬৬.০০
	মোট কুমিল্লা বিভাগ :	১০৫৩.০০

ক্রমিক নং	অঞ্চলের নাম	২০২২-২০২৩ অর্থ বছরের প্রস্তাবিত লক্ষ্যমাত্রা
৩৪.	সিলেট মুখ্য অঞ্চল	১৬৩.০০
৩৫.	সুনামগঞ্জ মুখ্য অঞ্চল	৩১০.০০
৩৬.	মৌলভী বাজার মুখ্য অঞ্চল	৬০.০০
৩৭.	হবিগঞ্জ মুখ্য অঞ্চল	৮৬.০০
৩৮.	সিলেট কর্পোরেট শাখা	৬.০০
	মোট সিলেট বিভাগ :	৬২৫.০০
৩৯.	খুলনা মুখ্য অঞ্চল	৩৫.০০
৪০.	বাগেরহাট মুখ্য অঞ্চল	৩৬.০০
৪১.	সাতক্ষীরা মুখ্য অঞ্চল	৭০.০০
৪২.	যশোর মুখ্য অঞ্চল	৭০.০০
৪৩.	নড়াইল অঞ্চল	২৯.৫০
৪৪.	খুলনা কর্পোরেট শাখা	২.৫০
	মোট খুলনা বিভাগ :	২৪৩.০০
৪৫.	কুষ্টিয়া মুখ্য অঞ্চল	৯২.০০
৪৬.	ঝিনাইদহ মুখ্য অঞ্চল	৫৯.০০
৪৭.	মাগুরা মুখ্য অঞ্চল	৬৩.০০
৪৮.	চুয়াডাঙ্গা অঞ্চল	৫০.০০
৪৯.	মেহেরপুর অঞ্চল	৫১.০০
	মোট কুষ্টিয়া বিভাগ :	৩১৫.০০
৫০.	বরিশাল মুখ্য অঞ্চল	৮৫.০০
৫১.	পিরোজপুর মুখ্য অঞ্চল	৬৩.০০
৫২.	পটুয়াখালী মুখ্য অঞ্চল	২৬.০০
৫৩.	ভোলা মুখ্য অঞ্চল	২৬.০০
৫৪.	বরগুনা মুখ্য অঞ্চল	২৮.০০
৫৫.	ঝালকাঠি মুখ্য অঞ্চল	২০.০০
	মোট বরিশাল বিভাগ :	২৪৮.০০
৫৬.	ফরিদপুর মুখ্য অঞ্চল	১৬৭.০০
৫৭.	রাজবাড়ী মুখ্য অঞ্চল	৭৬.০০
৫৮.	মাদারীপুর মুখ্য অঞ্চল	৯০.০০
৫৯.	গোপালগঞ্জ মুখ্য অঞ্চল	৬৬.০০
৬০.	শরিয়তপুর মুখ্য অঞ্চল	৭১.০০
	মোট ফরিদপুর বিভাগ :	৪৭০.০০
৬১.	স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা	১০০.০০
	সর্বমোট :	৫০০০.০০

MOST. SADIA AKTER MUKTA
OFFICER
Remittance Management Department
Head Office, Dhaka

Md. Tanvir Ahmed
Assistant General Manager

মোঃ মেস্তাফিজুর রহমান
উপমহাপ্রবন্ধপত্র